দৈনিক সংবাদ

তারিখ 19 JUN 1993
পৃষ্ঠা ১ কলাম ৪

২১২

শিক্ষক সমিতি ফেডারেশন

# বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ পরিবর্তন করতে দেয়া হবে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন যেকোন মূল্যে '৭৩-এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ পরিবর্তনের চক্রান্তকে প্রতিহত করার অঙ্গীকার পুনর্ব্যক্ত

অধ্যাদেশ : পৃঃ ২ কঃ ৭

## অধ্যাদেশ : পরিবর্তন করতে দেয়া হবে না

( ১ম পৃষ্ঠার পর )

করেছে।

ফেডারেশনের সভাপতি অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে গতকাল শুক্রবার অনুষ্ঠিত এক সভায় ওই অঙ্গীকার ব্যক্ত করা হয়।

সভায় বলা হয়, দেশে শুধুমাত্র ৪টি বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক অধ্যাদেশ চালু রয়েছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ে অনুরূপ অধ্যাদেশ প্রবর্তন না করে প্রচলিত অধ্যাদেশ সংশোধনের নামে যে একতরফা প্রচেষ্টা চালানো হচ্ছে তা অত্যন্ত দুঃখজনক। মূলত অধিকতর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠাকল্পে সরকার এটা করতে চাইছে। এরূপ প্রচেষ্টা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের মূল দর্শনবিরোধী এবং তা কিছুতেই শিক্ষক সমাজ মেনে নিতে পারে না।

সভায় শিক্ষক নেতৃবৃন্দ বলেন, প্রচলিত অধ্যাদেশের যদি কোন ক্ষেত্রে আংশিক উন্নয়নের যুক্তিসঙ্গত কারণ থেকে থাকে, তবে তা ফেডারেশনের নেতৃবৃন্দের সাথে আলোচনার মাধ্যমে সম্পাদন করা বাঞ্ছনীয়। তারা বলেন, বিশ্ববিদ্যালয়সমূহের মর্যাদা ও অস্তিত্ব সংরক্ষণসহ গণতান্ত্রিক অধ্যাদেশ অর্জনকল্পে শিক্ষকরা অতীতে যে ত্যাগ ও দৃঢ় ভূমিকা পালন করেছেন ভবিষ্যতেও তা করে যাবেন।